বিএনপির নামে রাষ্ট্রদ্রোহ মামলা করা উচিত: পররাষ্ট্রমন্ত্রী

চেম্বার ডেস্ক:: দেশের বিরুদ্ধে বিদেশে লবিস্ট নিয়োগ করায় বিএনপির নামে রাষ্ট্রদ্রোহের মামলা করা উচিত বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন। শনিবার (২৯ জানুয়ারি) রাজধানীতে বিকেলে ভার্চুয়াল এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

যুক্তরাষ্ট্রে দেশবিরোধী অপপ্রচার আর চক্রান্তে বিএনপি’র লবিং ইস্যু এখন আলোচনার তুঙ্গে। নিজেদের পক্ষে বক্তব্য-বিবৃতিতে প্রধান রাজনৈতিক দলগুলো সাফাই গেয়ে এলেও এসব লবিংয়ের পেছনে নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করাই বিএনপি’র অন্যতম উদ্দেশ্য বলে মন্তব্য করেছেন মন্ত্রিসভার এ সদস্য।

সকালে চট্টগ্রামে এক অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ সাংবাদিকদের বলেন, বিদেশি সাহায্য বন্ধের জন্য চিঠি দিয়ে দেশবিরোধী কাজ করেছে বিএনপি। লবিস্টদের টাকা কিভাবে পরিশোধ করা হয়েছে, সেসব তদন্তে বেরিয়ে আসবে বলেও জানান তিনি।

তথ্য ও সম্প্রচার মন্ত্রী বলেন, বিএনপি ও তাদের নেতারা দেশদ্রোহী কাজ করছেন। বলেন, রাজনৈতিক দল হিসেবে বিএনপি সরকারের কর্মকাণ্ডের সমালোচনা করতে পারে। কিন্তু দেশের সুনাম ক্ষুণ্ণ করতে, দেশের রপ্তানি বাণিজ্য ধ্বংস করতে বিদেশে দেশের বিরুদ্ধে চিঠি দেওয়া, লবিস্ট ফার্ম নিয়োগ করা দেশদ্রোহী ও দেশ বিরোধী কাজ। এটা দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র। মূলত বিএনপি ও তাদের নেতারা দেশদ্রোহী কাজ করছেন।

একইদিন বিকেলে ভার্চুয়াল এক অনুষ্ঠানে লবিস্ট নিয়োগ ইস্যুতে কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী। লবিংয়ের টাকা পাঠানোর ক্ষেত্রে আইনের ব্যতয় ঘটে থাকলে তার জন্য দলটির বিরুদ্ধে আলাদা ব্যবস্থা নেয়ারও দাবি জানান তিনি।

তথ্যের নামে অপতথ্য বিলিয়ে দেশকে ভাবমূর্তির সংকটে ফেলার জন্য

বিএনপিকে দেশবাসীর কাছে জবাবদিহি করতে হবে বলেও অনুষ্ঠানে মত দিয়েছেন প্রবাসী বাংলাদেশিরা।